

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.২৬৯—মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আয়কর উপদেষ্টা ও মিডল্যান্ড ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকার গত ১৭ আগস্ট ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইনালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

২। অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও পরম করুণাময়ের নিকট তাঁর রুহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৫ ভাদ্র ১৪২৫/২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১০৭৪১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৫ ভাদ্র ১৪২৫
ঢাকা: -----
২০ আগস্ট ২০১৮

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আয়কর উপদেষ্টা ও মিডল্যান্ড ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকার গত ১৭ আগস্ট ২০১৮ তারিখে ইন্তেকাল করেন (ইম্নালিগ্নাহি ওয়া ইম্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকার কুমিল্লা জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শের প্রতি ছিল তাঁর গভীর অনুরাগ। তিনি ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অত্যন্ত আস্থাভাজন। একজন প্রতিভাবান আইনজীবী হিসাবে তিনি দীর্ঘদিন মাননীয় প্রধানমন্ত্রীর আয়কর উপদেষ্টা হিসাবে সুউচ্চ দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে গেছেন। তিনি মিডল্যান্ড ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন। এছাড়া, যুবসমাজের কর্মসংস্থানের লক্ষ্যে ১৯৯৮ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার কর্তৃক প্রতিষ্ঠিত বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক কর্মসংস্থান ব্যাংকেরও প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ছিলেন অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকার।

ব্যক্তিগতভাবে অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকার ছিলেন অমায়িক ও বন্ধুবৎসল একজন মানুষ। অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকারের মৃত্যুতে জাতি একজন বিজ্ঞ আইনজীবী এবং বঙ্গবন্ধুর আদর্শবান রাজনীতিবিদকে হারাল।

মন্ত্রিসভা অ্যাডভোকেট এম. মনিরুজ্জামান খন্দকারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে পরম করুণাময়ের নিকট তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।